

যায়যায়দিন

তারিখ .1. 4 JAN 2007

পৃষ্ঠা ১২ কলাম ৪

৩০ জানুয়ারি

শাহজালাল বিশ্ববিদ্যালয় ফের উত্তপ্ত আজ থেকে লাগাতার ছাত্র ধর্মঘটের ডাক

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ইদুল আলহায় ছুটির পর আজ বহিষ্কার খুলছে। এদিকে আজ থেকেই ছয় ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারসহ পাঠ দফা দাবিতে লাগাতার ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ। ফলে দুই মাসের বাধ্যতানে ফের অচলাবস্থা সৃষ্টির আশঙ্কা দেখা দিয়েছে। এদিকে ছয় ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে গতকাল শনিবার ক্যাম্পাসে র্যালি করেছেন সাধারণ ছাত্রছাত্রীরা।

জানা যায়, ঈদের ছুটির পর গত বুধবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম শুরু

হয়েছে। আজ থেকে একাডেমিক কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে; কিন্তু ছাত্র নির্মাতনকারী শিক্ষকদের শান্তি, শামীম হত্যার বিচার, হলগুলোতে সহাবস্থান এবং জুনিয়র ছাত্রদের মানসিক নির্মাতনের অভিযোগে বহিষ্কার হওয়া ছয় ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে আজ থেকেই লাগাতার ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে শাবি ছাত্রলীগ। শাবি ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান রাস্তা যায়যায়দিনকে জানিয়েছেন, বিশ্ববিদ্যালয়ের নিয়ম-বহির্ভূত এবং মিথ্যা অভিযোগ এনে ছাত্রলীগের ছয় কর্মীকে

আজ থেকে লাগাতার

(শেষ পৃষ্ঠার পর)

বহিষ্কার করা হয়েছে। তাই এ বহিষ্কারাদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে লাগাতার ছাত্র ধর্মঘট চলবে।

তবে এ বিষয়ে ভিন্নমত পোষণ করে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ডিন ডি এম আমিনুল ইসলাম বলেন, অপরাধ প্রমাণিত হওয়ার ছয় ছাত্রকেই শাস্তি দেয়া হয়েছে। তারপরও যদি শান্তি প্রার্থনা করা হয়, তাহলে প্রত্যাহারের আবেদন করে তাহলে বিষয়টি আবার ভেবে দেখা হবে। তিনি আরো বলেন, ডিন-চারজন ছেলের জন্য বিশ্ববিদ্যালয়ের সাত হাজার শিক্ষার্থীর শিক্ষার্থী বন্যায়ত হতে পারে না। বিশ্ববিদ্যালয়ের স্বার্থে তিনি ছাত্রলীগের ধর্মঘট প্রত্যাহারের আহ্বান জানান।

উল্লেখ্য, গত ১৪ মে থেকে ৫ নভেম্বর পর্যন্ত দীর্ঘ ছয় মাস সাবেক ডিনের অপসারণ দাবিতে ক্যাম্পাস অচল থাকার পর গত দুই মাস দেশের রাজনৈতিক পরিস্থিতিতেও বিশ্ববিদ্যালয়টি সচল ছিল; কিন্তু গত ২৬ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের মিটিংয়ে ছয় ছাত্রকে বহিষ্কার করাকে কেন্দ্র করে ফের অচল হতে যাচ্ছে ক্যাম্পাস।